

বিএনসিইউ-এর ই-ফাইলিং কার্যক্রম উদ্বোধন

ঢাকা- ১৩ আগস্ট , রবিবার ২০১৭

আজ ঢাকায় পলাশী-নীলক্ষেতস্থ বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) ভবনের ৪র্থ তলায় অবস্থিত বিএনসিইউ এর সনোলন কক্ষে বিএনসিইউ ও প্রধানমন্ত্রীর কার্যালয় এটুআই এর সার্বিক সহযোগিতায় বিএনসিইউ'র ই-ফাইল (নথি) লাইভ কার্যক্রমে সম্পৃক্ত হওয়া উপলক্ষে এক উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী ও বিএনসিইউ চেয়ারম্যান নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে আরো উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব ও বিএনসিইউ মহাসচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএনসিইউ'র সচিব মো. মনজুর হোসেন।

এসময় শিক্ষামন্ত্রী ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকারি অফিসগুলোতে তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, তথ্য প্রযুক্তির ব্যবহারে স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি পাবে। বিএনসিইউ ই-ফাইলিং কার্যক্রম শুরু করায় তিনি সকল কর্মকর্তা কর্মচারী এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পকে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

ব্যানবেইসের নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তা প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠিত

পরে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ একইভাবে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর নবনিয়োগপ্রাপ্ত সহকারি প্রোগ্রামারদের 'অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ' কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন। ৪৪ জন সহকারি প্রোগ্রামার ১২ দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। এরা উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) গুলোতে কাজ করবে।

ব্যানবেইস-এর পরিচালক মো. ফসিউল্লাহ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান এবং কোর্স পরিচালক এস এম মোর্শেদ বিপুল বক্তৃতা করেন।

এসময় শিক্ষামন্ত্রী সততা ও আন্তরিকতার সাথে প্রান্তিক মানুষের কাছে সেবা পৌঁছে দেয়ার জন্য নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের প্রতি আহবান জানান। তিনি বলেন, শিক্ষকদের মধ্যে আইসিটি জ্ঞান ও প্রযুক্তি ব্যবহারের দক্ষতা বাড়ানোর জন্য ইউআইটিআরসিই প্রতিষ্ঠা করা হয়েছে। জাতীয় লক্ষ্যে অর্জনে এবং নতুন প্রজন্মকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করে তুলতে তিনি সকলের প্রতি ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯